

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
রাজস্ব বিভাগ
www.ccc.org.bd

আপনার সমস্যা-পরামর্শ
চট্টগ্রাম সিটি কর্পোরেশনের
১৬১০৪ নম্বরে জানান

নামফলক, সাইনবোর্ড, ব্যানার ইত্যাদি বাংলায় লিখন এবং
ব্যবসা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স নতুন/নবায়ন সম্পর্কিত

বিজ্ঞপ্তি

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকার বিভিন্ন প্রতিষ্ঠান মালিকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহামান্য উচ্চ আদালতে প্রদত্ত আদেশ অনুযায়ী সর্বস্বত্রে বাংলা ভাষা প্রচলন নিশ্চিত করার লক্ষ্যে সকল প্রতিষ্ঠানের (দূতাবাস, বিদেশী সংস্থা ও তৎসংশ্লিষ্ট ক্ষেত্র ব্যতীত) নামফলক, সাইনবোর্ড, ব্যানার ইত্যাদি ইংরেজির পাশাপাশি বাংলায় লেখা বাধ্যতামূলক। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন প্রতিষ্ঠানের নামফলক, সাইনবোর্ড, ব্যানার ইত্যাদি ইংরেজি ও অন্যান্য বিদেশি ভাষায় লেখা হয়েছে।

এ অবস্থায়, চট্টগ্রাম সিটি কর্পোরেশন আওতাধীন এলাকায় যে সব প্রতিষ্ঠানের (দূতাবাস, বিদেশী সংস্থা ও তৎসংশ্লিষ্ট ক্ষেত্র ব্যতীত) নামফলক, সাইনবোর্ড, ব্যানার ইত্যাদি বাংলায় লেখা হয়নি তা অনতিবিলম্বে স্ব-উদ্যোগে অপসারণ করে আগামী ১৫ ফেব্রুয়ারী, ২০১৮খ্রিঃ তারিখের মধ্যে ইংরেজির পাশাপাশি বাংলায় লিখে প্রতিস্থাপন করা এবং ব্যবসা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স নতুন/নবায়ন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। অন্যথায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

সকল মার্কেটস্থ দোকান/ব্যবসা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স নতুন/নবায়ন গ্রহণ এবং
সাইনবোর্ড ইংরেজির পাশাপাশি বাংলায় শতভাগ রূপান্তর করলে ব্যবসায়ীগণকে পুরস্কৃত
করা হবে।


কর্তৃপক্ষ

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১১.১৬০০.০০৩. ১৬-৪২-১৫-১৭(১৫)

তারিখ : ৬/১/১৮

বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ১। বিজ্ঞ স্পেশাল ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ২। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব।
- ৩। জনসংযোগ কর্মকর্তা। উক্ত বিজ্ঞপ্তিখানা স্থানীয় ও জাতীয় পত্রিকার ০২(দুই)দিন প্রথম/শেষ পৃষ্ঠায় প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। আইটি অফিসার, সার্ভার কক্ষ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ৫। কর কর্মকর্তা (সকল), রাজস্ব সার্কেল-, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী।
- ৭। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী।
- ৮। অফিস কপি।